মেহেরপুরে নতুন ৫৩ জন করোনা আক্রান্ত! মৃত্যু-৬

মেহেরপুরে নতুন করে আরও ৫৩ জন করোনা আক্রান্ত হয়েছেন। মৃত্যবরণ করেছেন ৬ জন। নতুন আক্রান্তদের মধ্যে গাংনীতে ৪৫ জন মুজিবনগর ৮ জন।

শনিবার সন্ধ্যায় মেহেরপুরের সিভিল সার্জন ডা. নাসির উদ্দিন এ তথ্য নিশ্চিত করেন। সূত্রে আরও জানা গেছে, নতুন প্রাপ্ত রিপোর্ট ১৫৬টি। তারমধ্যে ৫৩ জন করোনা পজিটিভ।

এনিয়ে বর্তমানে মেহেরপুর জেলায় করোনা পজেটিভ এর সংখ্যা ৭৫০ জন। তার মধ্যে সদরে ২১৩ জন, গাংনীতে ৪৩৬ জন এবং মুজিবনগরে ১০১ জন।

এ পর্যন্ত মেহেরপুরে মারা গেছেন ৭২ জন । মৃতদের মধ্যে সদরে ২৭ জন, গাংনী ২৯ জন ও মুজিবনগরে ১৯ জন।

এসময় তিনি সবাইকে সামাজিক দূরত্ব, নিয়মিত সাবান-পানি দিয়ে হাত ধোবার অভ্যাস, মাস্ক ব্যবহার, জনসমাগম এড়িয়ে এবং হাঁচি-কাশির শিষ্ঠাচার ও স্বাস্থ্যবিধি মেনে চলার আহবান জানান।

চুয়াডাঙ্গা জেলা পুলিশের মাসিক অপরাধ পর্যালোচনা সভা অনুষ্ঠিত

চুয়াডাঙ্গা পুলিশ সুপারের সম্মেলন কক্ষে পুলিশ সুপার মোঃ জাহিদুল ইসলামের চুয়াডাঙ্গা জেলা পুলিশের জুন মাসের মাসিক অপরাধ পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়েছে

শনিবার দেড়টার সময় চুয়াডাঙ্গা জেলা পুলিশের ঊর্ধ্বতন কর্মকর্তাগণের উপস্থিতিতে এই সভাটি অনুষ্ঠিত হয়। এসময় অপরাধ

পর্যালোচনা সভায় প্রত্যেক থানার অফিসার ইনচার্জদের থানাধীন এলাকায় সরকার ঘোষিত লকডাউন শতভাগ বাস্তবায়ন, জনসাধারণের সাথে সৌহার্দপূর্ণ আচরণ, চুরি, ছিনতাই অপ্রীতিকর ঘটনা রোধকল্পে হাইওয়ে রাস্তা, আবাসিক এলাকা, সরকারি স্থাপনা সমূহে অতিরিক্ত ফোর্স মোতায়েন, ওয়ারেন্ট তামিল, রাত্রিকালীন টহল ডিউটি ও আইন-শৃংখলা রক্ষা এবং অপ্রীতিকর ঘটনা রোধকল্পে তাৎক্ষণিকভাবে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার নির্দেশ প্রদান করেন। আসন্ন ঈদুল আযহা উপলক্ষে চুরি, ছিনতাই, অজ্ঞান পার্টির খপ্পর, ব্যাংক, বীমাসহ আর্থিক প্রতিষ্ঠানে অপ্রীতিকর ঘটনা রোধকল্পে গোয়েন্দা নজরদারি বৃদ্ধিসহ অতিরিক্ত পুলিশী টহল বৃদ্ধি করার কঠোর নির্দেশনা প্রদান করেন। পরিশেষে, সকলের সুস্থতা কামনা করে স্বাস্থ্যবিধি মেনে অর্পিত দ্বায়িত্ব পালনের আহ্বান জানান।

উক্ত অপরাধ পর্যালোচনা সভায় আরো উপস্থিত ছিলেন অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন) আবু তারেক, অতিরিক্ত পুলিশ সুপার (সদর) কনক কুমার দাস, অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) জাহাঙ্গীর আলম, শিক্ষানবিস সহকারি পুলিশ সুপার মোঃ সাজিদ হোসেন সকল থানা ও জেলা গোয়েন্দা শাখার অফিসার ইনচার্জগণ, ডিআইও-১, জেলা বিশেষ শাখা, কোর্ট ইন্সপেক্টর, টিআই-১ (প্রশাসন), আরও আই, রিজার্ভ অফিস, চুয়াডাঙ্গা।

চুয়াডাঙ্গায় পরিবহন শ্রমিকদের মাঝে প্রধানমন্ত্রীর উপহার সামগ্রী বিতরণ

সরকার ঘোষিত শাটডাউন এ চুয়াডাঙ্গায় কর্মহীন হয়ে পড়া পরিবহন শ্রমিকদের মাঝে প্রধানমন্ত্রীর উপহার সামগ্রী বিতরণ করা হয়েছে। শনিবার বেলা সাড়ে এগারো টার সময়৷ চুয়াডাঙ্গা কালেক্টরেট স্কুল অ্যান্ড কলেজ প্রঙ্গনে এই খাদ্য সহায়তা বিতরণকরা হয়। পরিবহন শ্রমিকদের মাঝে খাদ্য সহায়তা বিতরণ করেন চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক সাবেক মেয়র রিয়াজুল ইসলাম

জোয়ার্দ্দার টোটন।

এই সময় তিনি বলেন করোনার সংক্রমণ রোধে সারাদেশের ন্যায় চুয়াডাঙ্গায় বন্ধ রয়েছে সব ধরনের লোকাল ও দূরপাল্লার বাস। কর্মহীন হয়ে পড়েছেন পরিবহন শ্রমিকরা। পরিবার নিয়ে শ্রমিকরা কষ্টে দিন পার করছে। পরিবহন শ্রমিকদের পরিবারের মুখে হাসি ফিরিয়ে দিতে চুয়াডাঙ্গা পৌর এলাকার ৬,৭,৮ ও ৯ নং ওয়ার্ডের ১শ’ ৪০ জন পরিবহন শ্রমিকদের মাঝে প্রধানমন্ত্রী উপহার খাদ্য সামগ্রী বিতরণ করা হয়েছে। জেলা প্রশাসনের সহায়তায় ও সদর উপজেলা প্রশাসনের সার্বিক সহযোগিতায় প্রতিটা শ্রমিককে ১০ কেজি চাল, ২ কেজি আলু, ১ কেজি ডাল, ১ লিটার সয়াবিন তেল, ১ কেজি লবন ও ১ কেজি পেঁয়াজ দেয়া হয়।

অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন জেলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক মুন্সি আলমগীর হান্নান, চুয়াডাঙ্গা পৌর মেয়র জাহাঙ্গীর আলম মালিক খোকন, জেলা সড়ক পরিবহন মালিক গ্রুপের সাধারণ সম্পাদক একেএম মঈনুদ্দিন, জেলা বাস ট্রাক পরিবহন শ্রমিক ইউনিয়নের সভাপতি এম জেনারেল ইসলাম, সাধারণ সম্পাদক রিপন মন্ডল, সদর উপজেলা পরিষদের প্রশাসনিক কর্মকর্তা আইনাল হকসহ আরও অনেকে।

কুষ্টিয়ায় তিনশো ছাড়ালো করোনায় আক্রান্ত মৃতের সংখ্যা

সীমান্তবর্তী জেলা কুষ্টিয়ায় আশঙ্কাজনক হারে বেড়েই চলেছে করোনা সংক্রমণ। বাড়ছেই মৃত্যর মিছিল। কোনভাবেই কমানো যাচ্ছে না। এ পর্যন্ত জেলায় মৃত্যুর সংখ্যা তিনশো ছাড়িয়েছে বলে জানা গেছে।

শুক্রবার (৯ জুলাই) হাসপাতালের তত্ত্বাবধায়ক ডা. আবদুল মোমেন জানান, গত ২৪ ঘণ্টায় মৃতদের মধ্যে ১২ জন করোনা পজিটিভ এবং ১০ জনের দেহে করোনা উপসর্গ নিয়ে মারা গেছে। এনিয়ে জেলায় মোট ৩১০ জন করোনায় আক্রান্ত হয়ে মারা গেলেন।

তিনি বলেন, তবে সচেতন হলে এই পরিস্থিতি মোকাবিলা করা সম্ভব। গ্রামের মানুষকে বেশি সচেতন হতে হবে। কেননা, ভর্তি রোগীর বেশির

ভাগই গ্রাম থেকে আসছে। মারা যাওয়া রোগীদের মধ্যেও গ্রামেরই বেশি।

তিনি আরও জানান, ২শ বেডের কুষ্টিয়া জেনারেল হাসপাতালে বর্তমানে করোনা পজিটিভ ও করোনার উপসর্গ নিয়ে মোট ২৮০ জন ভর্তি রয়েছে।

সিভিল সার্জন কার্যালয় সূত্র জানা যায়, জেলায় গত ২৯ মে থেকে ২৯ জুন পর্যন্ত এক মাসে করোনায় মারা গেছেন ৯০ জন। এর আগের ১৪ মাসে মারা গেছেন ১১২ জন। আর সর্বশেষ মাত্র ১০ দিনে মারা গেছেন ১০৮ জন।

কুষ্টিয়া করোনা ডেডিকেটেড হাসপাতালের আবাসিক মেডিকেল অফিসার (আরএমও) ডা. তাপস কুমার সরকার জানান, জেলার সর্বত্র করোনা ভাইরাসের সংক্রমণ ছড়িয়ে পড়েছে। ধারণা করা হচ্ছে, ভারতীয় ডেল্টা ভ্যারিয়েন্ট জনিত কারণে এমনটা হচ্ছে। শহরের তুলনায় গ্রামাঞ্চলে এখন করোনার প্রকোপ বেশি। গ্রামের মানুষের মধ্যে সচেতনতা ও স্বাস্থ্যবিধি মেনে চলার প্রবণতা খুব কম। করোনার উপসর্গ নিয়ে দেরিতে চিকিৎসা নিতে আসা এবং দীর্ঘদিন বিভিন্ন জটিল রোগে ভোগার কারণে ৫০ বয়সোর্ধ্বদের মৃত্যু বেশি হচ্ছে বলেও জানান তিনি।

সিভিল সার্জন ডা: এএইচএম আনোয়ারুল ইসলাম জানান, গত ২৪ ঘণ্টায় ৭৯২টি নমুনা পরীক্ষায় ২২০ জনের করোনা শনাক্ত হয়েছে। পরীক্ষা বিবেচনায় শনাক্তের হার ২৭ দশমিক ৭৭ শতাংশ। বৃহস্পতিবার পর্যন্ত জেলায় হোম আইসোলেশনে ছিলেন তিনি হাজার ৩৪ জন। গতকাল ছিলেন দুই হাজার ৯৫৬ জন। আগের দিন ছিলেন দুই হাজার ৮৭৫ জন। বর্তমানে স্বাস্থ্য বিভাগের তালিকায় জেলাতে মোট আক্রান্ত আছেন তিন হাজার ৩১৩ জন। তার আগের দিন ছিলেন তিন হাজার ২২১ জন। কুষ্টিয়ায় এ পর্যন্ত করোনায় আক্রান্ত হয়েছেন নয় হাজার ৮৮৪ জন।

‘কুষ্টিয়া পশু হাট’ অনলাইনে বিক্রি হবে কোরবানির পশু

মহামারি করোনা সংক্রমণরোধে এবার কুষ্টিয়ায় আসন্ন পবিত্র ঈদুল আজহার কোরবানির পশু অনলাইনে বিক্রি করার সিদ্ধান্ত গ্রহণ করেছেন

জেলা প্রশাসন। এ ব্যাপারে কুষ্টিয়া জেলা প্রশাসন ও জেলা প্রাণি সম্পদ অধিদপ্তর যৌথ ভাবে একটি অনলাইন প্লাটফর্মও গড়ে তুলেছেন। স্বাস্থ্য ঝুঁকি এড়াতে, পশু কিনি অনলাইন হাটে স্লোগান নিয়ে ‘কুষ্টিয়া জেলার কোরবানির হাট’ নামে এই প্লাটফর্মে ক্রেতা- বিক্রেতা তাদের পশু কেনাবেচা করতে পারবেন বলে জানিয়েছেন সংশ্লিষ্ট কর্তৃপক্ষ।

কুষ্টিয়ার জেলা প্রশাসক মোহাম্মদ সাইদুল ইসলাম বলেন,
সাম্প্রতিক করোনা ভাইরাসের প্রাদুর্ভাব মোকাবেলায় আসন্ন কোরবানি ঈদকে সামনে রেখে জেলা প্রশাসন, কুষ্টিয়া কর্তৃক ‘কুষ্টিয়া পশু হাট’ নামে একটি অনলাইনভিত্তিক প্লাটফর্ম চালু হয়েছে যেখানে কৃষক, খামারি এবং ক্রেতা বিক্রেতা উভয়েই অনলাইনের মাধ্যমে সকল ধরনের কোরবানির পশু যেমন গরু, মহিষ, ছাগল, ভেড়াসহ অন্যান্য পশু কোরবানীর ঈদ উপলক্ষ্যে ক্রয়-বিক্রয় করতে পারবেন।

কুষ্টিয়ার স্থানী সরকারের উপপরিচালক মৃণাল কান্তি দে জানান, খামারী এবং পশু মালিকদের ‘কুষ্টিয়া পশু হাট’ ওয়েব পেজে গরুর ছবি তথ্য আপলোড করে অথবা স্থানীয় ইউডিসিতে গিয়ে সহযোগিতা নিতে পারেন। তথ্য আপলোডের ক্ষেত্রে খামারির নাম, খামারির মোবাইল নম্বর, খামারির পূর্ণ ঠিকানা, পশুর সম্ভাব্য ওজন, পশুর সম্ভাব্য মূল্য, পশুর দাঁত সংখ্যা এবং পশুর ছবি/ ছোট ভিডিও তথ্য দিতে হবে।

অনলাইনে কোরবানির পশু ক্রয়ের জন্য ভিজিট করুন https://kushtiaposhuhat.com/ “কুষ্টিয়া পশু হাট” ফেসবুক পেজে অথবা ক্লিক করুন নিম্নোক্ত লিংকে।

কুষ্টিয়ায় করোনায় আরও ১৮ জনের মৃত্যু

কুষ্টিয়া করোনা ডেডিকেটেড হাসপাতালে গত ২৪ ঘণ্টায় করোনায় আক্রান্ত হয়ে ও উপসর্গ নিয়ে আরও ১৮ জনের মৃত্যু হয়েছে। একই সাথে গত ২৪ ঘন্টায় ১৭৬ জন নতুন করে করোনা শনাক্ত হয়েছে।

শনিবার (১০ জুলাই) সকালে কুষ্টিয়া জেনালের হাসপাতালের তত্বাবধায়ক ড. আবদুল মোমেন এ তথ্য নিশ্চিত করেছেন।

তিনি বলেন, শুক্রবার (৯ জুলাই) সকাল ৮টা থেকে শনিবার (১০ জুলাই) সকাল ৮টা পর্যন্ত চিকিৎসাধীন অবস্থায় ১৮ জনের মৃত্যু হয়েছে। এরমধ্যে ১৫ জনের করোনা পজিটিভ ও ৩ জনের করোনা উপসর্গ ছিলো।

তিনি জানান, হাসপাতালে করোনায় আক্রান্ত হয়ে ১৯২ জন ও উপসর্গ নিয়ে ১০০ জন ভর্তি আছেন। এছাড়া, জেলার ৫টি উপজেলায় আরও ১০০ রোগী ভর্তি আছেন।

এদিকে, পিসিআর ল্যাব ও জেলা সিভিল সার্জন কার্যালয়ের তথ্য মতে, গত ২৪ ঘণ্টায় জেলায় ৫৮৯ জনের নমুনা পরীক্ষা করে ১৭৬ জনের করোনা শনাক্ত হয়েছে। শনাক্তের হার ২৯.৮৮ শতাংশ।

সিভিল সার্জন কার্যালয় সূত্রে জানা গেছে, জেলায় করোনায় আক্রান্ত হয়ে এ পর্যন্ত ৩২৫ জনের মৃত্যু হয়েছে। এরমধ্যে গত ১১ দিনে মারা গেছেন ১২০ জন। জেলায় এ পর্যন্ত মোট ১০ হাজার ৬০ জন করোনায় আক্রান্ত হয়েছেন।

কুষ্টিয়া জেনারেল হাসপাতালের তত্ত্বাবধায়ক ডা. এম এ মোমেন বলেন, ২৫০ শয্যার করোনা ডেডিকেটেড এই হাসপাতালটিতে এখন শয্যার চেয়ে করোনা আক্রান্ত রোগীর সংখ্যা বেশি।

তবে শয্যা, নার্স, আয়া ও সুইপারের অভাব রয়েছে উল্লেখ করে তিনি আরো বলেন, হাসপাতালটিকে ডেডিকেটেড হাসপাতাল ঘোষণার পর থেকে রোগীর চাপ বাড়তেই আছে। প্রয়োজনের তুলনায় লোকবল কম। এ জন্য চিকিৎসক, নার্স, আয়াসহ সংশ্লিষ্ট সবাই চিকিৎসাসেবা দিতে হিমশিম খাচ্ছে। প্রতিদিনই শনাক্ত ও মৃত্যুর সংখ্যা বাড়ছে। সঙ্গে সঙ্গে হাসপাতালেও রোগীর চাপ বাড়ছে। এভাবে বাড়তে থাকলে পরিস্থিতি সামাল দেওয়া কঠিন হয়ে যাবে।

[redacted]

[redacted]

[redacted]

[

ঝিনাইদহে ১৫’শ শ্রমিক দিনমজুরের মাঝে খাদ্য সামগ্রী বিতরণ

ঝিনাইদহে করোনার কারণে কর্মহীন শ্রমিক দিনমজুর ১৫’শ ব্যক্তিকে প্রধানমন্ত্রীর উপহার সামগ্রী বিতরণ করা হয়েছে। শনিবার সকালে শহরের বীর শ্রেষ্ঠ হামিদুর রহমান স্টেডিয়ামে ১০ কেজি করে চাল ও নগদ ৩’শত করে টাকা বিতরণ করেন জেলা প্রশাসক মজিবর রহমান। এসময় ঝিনাইদহ পৌর মেয়র সাইদুল করিম মিন্টু, অতিরিক্ত জেলা প্রশাসক সেলিম রেজা,সদর উপজেলা নির্বাহী অফিসার এসএম শাহীন, জেলা তথ্য অফিসার আবুবকর সিদ্দিক, সদর উপজেলা সহকারী কমিশনার ভূমি আব্দুল্লাহ আল মামুন ও উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান রাশীদুর রহমান রাসেল উপস্থিত ছিলেন। জেলা প্রশাসক মজিবর রহমান বলেন, ঝিনাইদহে করোনায় আক্রান্ত ও মৃত্যু হার বাড়ছে। এই সংকট মোকাবিলায় জেলা প্রশাসন সর্বদা মাঠে রয়েছে। আমাদের সচেতনতার বিকল্প নেই। সবাইকে স্বাস্থ্যবিধি মেনে চলতে হবে। খাদ্যের কোন ঘাটতি নেই। কেউ খাদ্য কষ্টে থাকবে না। মেয়র সাইদুল করিম মিন্টু বলেন, কেউ খাদ্যের সংকটে পড়লে ৩৩৩ নাম্বারে ফোন করলে প্রধানমন্ত্রীর উপহার বাড়ি পৌছে যাবে।

ঝিনাইদহে করোনায় উপসর্গ নিয়ে

৫ জনের মৃত্যু

ঝিনাইদহে কৃষকলীগ, বিএনপি ও জাতায়াতের তিন নেতাসহ করোনা আক্রান্ত হয়ে মারা গেছেন ১০ জন। এছাড়া উপসর্গ নিয়ে আরো ৫ জনের মৃত্যু হয়েছে। শরিবার দুপুর পর্যন্ত এই ফলাফল হাতে পেয়েছে ঝিনাইদহ সিভিল সার্জন অফিস। গত ২৪ ঘণ্টায় করোনা আক্রান্ত হয়েছে ৩১ জন। ঝিনাইদহ সদর উপজেলা পরিষদের সাবেক চেয়ারম্যান ও জামায়াতের জেলা সেক্রেটারি নুর মোহাম্মদ ও আদর্শপাড়া ওয়ার্ড বিএনপির সাধারণ সম্পাদক সাবেক ফুটবলার সেরেগুল ইসলাম শনিবার ভোরে মারা যান। দুপুরে করোনায় মৃত্যু বরণ করেন মহেশপুর উপজেলা কৃষকলীগের সাবেক সহ-সভাপতি আব্দুল হামিদ চাঁদ আলী। গান্না ইউনিয়নের কাশিমনগর গ্রামের আব্দুল কাদেরের ছেলে মনিরুল ইসলাম মাসুম করোনা উপসর্গ নিয়ে শুক্রবার বিকালে মারা যান। মৃত্যুর পর ভয়ে কেও তার লাশ সৎকার করতে যাচ্ছিল না। মৃত্যুর ৪ ঘন্টা পর ঝিনাইদহ ইসলামিক ফাউন্ডেশনের উপপরিচালকের পরামর্শ মোতাবেক স্বাস্থ্যবিধি মেনে মাসুমের লাশ দাফন করা হয়। ঝিনাইদহ সিভিল সার্জন ডা. সেলিনা বেগম জানান, গত ২৪ ঘণ্টায় ঝিনাইদহ সদর হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় করোনায় আক্রান্ত হয়ে ৪ জনের মৃত্যু হয়। জেলার অন্যান্য উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে মারা গেছেন ৬ জন। সিভিল সার্জন জানান, চিকিৎসাধীন অবস্থায় উপসর্গ নিয়ে মারা গেছেন আরও ৫ জন। এদিকে ঝিনাইদহ ইসলামিক ফাউন্ডেশনের উপ-পরিচালক আব্দুল হামিদ খান জানান, শনিবার পর্যন্ত তারা ১২৮ জনের লাশ দাফন করেছে। প্রতিদিন ৬/৫ করে লাশ দাফন করতে করতে তাদের কর্মীরা অনেকটা হাফিয়ে উঠেছে। দিন রাত খবর পেলেই শহর থেকে গ্রামে ছুটে যাচ্ছেন ইসলামিক ফাউন্ডেশনের লাশ দাফন কমিটির সদস্যরা। অথচ তাদের যাতায়াতের জন্য গাড়ি নেই। নেই সরকারী বরাদ্দ। ফলে মানবিক দিক বিবেচনা করে আঞ্জুমানে মফিদুল ইসলাম ও প্রশিক্ষনের মাধ্যমে ইউনিয়ন ও গ্রাম পর্যায়ে লাশ দাফন কমিটি গঠনের দাবী উঠেছে।

মেহেরপুরে কঠোর লকডাউন বাস্তবায়নে সেনাবাহিনীর টহল অব্যাহত

মেহেরপুরে করোনাভাইরাস প্রতিরোধে সরকার ঘোষিত সর্বাত্বক লকডাউন কার্যকর করতে কঠোর লকডাউন এর ১০ ম দিনেও সেনাবাহিনীর অভিযান অব্যাহত রয়েছে।পুলিশ এবং সেনাবাহিনী প্রশাসনের নির্দেশনায় প্রতিদিনের ন্যায় আজকেও এলাকায় টহল দিচ্ছে।

শনিবার দুপুরের সময় বাংলাদেশ সেনাবাহিনীর যশোর সেনানিবাস ২৭ ফিল্ড রেজিমেন্ট আর্টিলারির ক্যাপ্টেন এম এম রওশনের নেতৃত্বে কোট এলাকা থেকে শুরু করে শহরের প্রধান প্রধান সড়ক গুলোতে ব্যাপক সচেতনতা মূলক অভিযান চালানো হয়।
এসময় অযথা যারা বাইরে ঘোরাফেরা করছিলেন তাদেরকে সতর্ক করে দেওয়া হয়। একই সাথে অযাথা বাইরে না আসার জন্য সেনাবাহিনীর পক্ষ থেকে সকলের প্রতি আহ্বান জানানো হয়।